

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩১৭

১২. তালাক অধ্যায় (کتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১০. তিন তালাক প্রাপ্তা নারী বাসস্থান ও খোরপোষ পাবে কি-না

بَابِ فِي الْمُطَلَّقَةِ ثَلَاثًا أَلَهَا السُّكْنَى وَالنَّفَقَةُ أَمْ لَا

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ قَالَ حَدَّثَنَا حَفْصٌ عَنْ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ الْأَسْوَدِ قَالَ قَالَ عُمْرُ لَا نُجِيزُ قَوْلَ امْرَأَةٍ فِي دِينِ اللَّهِ الْمُطَلَّقَةُ ثَلَاتًا لَهَا السُّكْنَى وَالنَّفَقَةُ قَالَ أَبُو مُحَمَّد لَا أَرَى السُّكْنَى وَالنَّفَقَةَ لِلْمُطَلَّقَةِ

## বাংলা

২৩১৭. উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেছেন,আমরা আল্লাহর দীনের ব্যাপারে একজন মহিলার কথাকে আইনগত মর্যাদা দিতে পারি না: "তিন তালাকপ্রাপ্তা স্ত্রী বাসস্থান ও খোরপোষ পাবে।"[1] আবূ মুহাম্মদ বলেন, আমার মতে, তালাকপ্রাপ্তা স্ত্রীলোকের জন্য বাসস্থান ও খোরপোষ নেই।[2]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: এর পুর্ববর্তী টীকাদু'টি দেখুন।

[2] এ মত গ্রহন করেছেন ইবনু আব্বাস আহমাদ, উমার, আবী হানীফা ও অন্যান্যরা। তারা বলেন: বাসস্থান ও খোরপোষ পাবে। আর মালিক, শাফিঈ ও অন্যান্যরা বলেন: তার জন্য বাসস্থানের ব্যবস্থা করা ওয়াজিব, তবে সে খোরপোষ পাবে না।' দেখুন, তিরমিয়ী হা/১১৮০ এর টীকা এবং নববী'র শারহে মুসলিম ৩/৬৯১-৬৯২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন